Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৯শে বৈশাখ বুধবার ১৩৬৯ ইংরাজী 2nd May 1962 { ৪৯শ সংখ্যা





সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVE



## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা

কেরোসিন কুকার

ঘরে ঘরে স্বাচ্ছন্দ্য ও বিপুলতা আনবে।

প্রস্তুতকারক:

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O.M.I.



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। ... ীয়।

...াম্ব. রঘু...

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৯শে বৈশাখ বুধবার সন ১৩৬৯ সাল।

## যন্ত্র না যন্ত্রণা?

—০—

ইংরাজের আমল হইতে দেশে নানা রকমের কল আমদানী হইয়া দেশে বেকার সংখ্যা বৃদ্ধি করিতেছে, এই জন্য মানবগণ যন্ত্রকে অনেক ক্ষেত্রে দানব বলিয়া বর্ণনা করে। ২০ জন লোকে যে কাজ সম্পন্ন করিতে পারে না, একটা সামান্য দামের কল সে কার্য্য মানুষ অপেক্ষা পরিষ্কার পরিচ্ছন্নভাবে অল্প সময়ের মধ্যে সম্পন্ন করিতে পারে। যাতায়াতের জন্য যে সব যান ব্যবহৃত হইতেছে, সেগুলি একজন লোকের দ্বারা চালিত হইয়া বহু ব্যক্তির অল্প সময়ে অল্প ব্যয়ে যাওয়া আসা চলিতেছে। একজন সঙ্গতিপন্ন ধনী সেকালে সম্মানের সঙ্গে কোথাও যাইতে হইলে স্থলপথে পাল্কী এবং জলপথে বজরা বা ভাওলিয়া ব্যবহার করিতেন। পাল্কী বহিতে বাহক বা বেহারা লাগিত সাধারণতঃ ৮ জন, বজরা চালাইতে মাঝি ও দাঁড়ি আবশ্যক হইত। একজন ধনীর গতায়াতের জন্যই ক্ষেত্রবিশেষে ৮ জন ও ১০ জন মেহনতী লোক উদরান্নের সংস্থান করিত। সেকালের এক জমিদারের গল্প বলি—জমিদার বাবুর সন্তান জন্মে না বলিয়া ৺বৈদ্যনাথের মানসা করিয়া একটী পুত্র জন্মিল। জমিদার বাবু একদিন বেড়াইতে বেড়াইতে যে পল্লীতে তাঁর সর্দ্দার বেহারার বাড়ী, সেই পাড়ায় গিয়া দেখিলেন—বৃদ্ধ সর্দ্দার তামাক খাইতেছে, আর তার আটটী পুত্র নূতন ঘর তৈরীর জন্য কেউ বাঁশের বাখারী চাঁছিতেছে, কেউ খড় আঁটি বাঁধিতেছে। জমিদারকে দেখিয়া সকলে নমস্কার করিল। তিনি সর্দ্দারকে জিজ্ঞাসা করিলেন—সর্দ্দার! তোমার ছেলে কয়টি? সর্দ্দার—হুজুরের সামনেই আছে এই আটটী। জমিদার তাদের স্বাস্থ্য দেখিয়া বলিল বা! বেশ তো তোমার ছেলেরা। আমার একটী ছেলে। তাও দেবতার দুয়োর ধরে এত দিনে হলো।

সর্দ্দার মুনিবকে সবিনয়ে বলিল—হুজুর, ভগবান ঠিকই বিচার করেছেন। সর্দ্দারের এই কথা শুনেই তিনি রেগে বলে উঠলেন—তুমি কি পুণ্য করেছ তোমার ৮টী স্বাস্থ্যবান ছেলে হবে আর আমার একটী ছেলে হবে তাও রোগা হবে আমার কি পাপে? এইবারে সর্দ্দার জোড়হাত ক'রে বললো ধর্ম্মাবতার, আপনি রাগলে আমাদের স্থান নাই। আমি মূর্খ, কথাটা বুঝিয়ে বলার দোষে হুজুরের কোপ হয়েছে। আমার বলার উদ্দেশ্য হচ্ছে—ভগবান হুজুরকে একটী দিয়েছেন, আর আমাকে আটটী দিয়েছেন ঠিক বিচার ক'রে। হুজুরদের একটী হলেই আমাদের আটটীর দরকার। হুজুরের আটটী হ'লে আমার ৬৪টী বেহারা দিতে হতো। আমাকে হুজুরের খোকা বাবুর জন্য আর বাহিরে যেতে হবে না।

ধনীদের কাজ করে এদেশের মেহনতী লোকেরা খেয়ে পরে বাঁচতো। যত যন্ত্র আমদানী হচ্ছে বেকারের সংখ্যা ততই বেড়ে দেশের যন্ত্রণা বৃদ্ধিই হচ্ছে।

---

## জব্বলপুরে নোট বৃষ্টি

গত ২৬শে এপ্রিল বৃহস্পতিবার জব্বলপুরের মিলোসীগঞ্জ অঞ্চলে কিছুক্ষণ নোট-বৃষ্টি হয়েছিল। এখানকার জনগণ বিস্মিত হয় এবং চারিদিকে লক্ষ্য করিয়া দেখিতে পায় যে একখানি গৃহের শীর্ষ হইতে নোটগুলি আসিতেছে এবং একটি বানর উহার নায়ক। অনুসন্ধানে প্রকাশ যে, এক সোনা-রূপা ব্যবসায়ীর বাড়ী হইতে বানরটি দশ হাজার টাকার নোটের বাণ্ডিল লইয়া যায়। লোকজন তাড়া করিলে বানরটি এক বাড়ী হইতে অন্য বাড়ীতে লাফ দিয়া যাইতে থাকে। পরে সে ক্লান্ত হইয়া এক বাড়ীর উপরে বাণ্ডিলটা ফেলিয়া দেয়। তিন ঘণ্টা ধাওয়া করিবার পর বাণ্ডিলটা হস্তগত হয়। রাস্তা হইতে নোট কুড়াইয়া লইবার পর দেখা যায় উহাতে বার শত টাকার নোট নাই।

---

## অন্যতম নেতার মৃত্যু

গত ২৭শে এপ্রিল শুক্রবার অবিভক্ত বাংলার প্রাক্তন মুখ্যমন্ত্রী ও পূর্ব্ব পাকিস্তানের ভূতপূর্ব্ব গভর্ণর এ, কে, ফজলুল হক সাহেব ঢাকা হাসপাতালে প্রাণত্যাগ করিয়াছেন। মৃত্যু সংবাদ পাইয়া কলিকাতার বিভিন্ন মহল গভীর শোক প্রকাশ করেন। হক সাহেবের মৃত্যুতে একজন অকৃত্রিম কৃষকদরদী ও জননেতার কর্ম্মদীপ্ত জীবনের অবসান ঘটিল। পূর্ব্ববঙ্গ একজন মহান নেতা ও প্রকৃত বাঙ্গালীদরদী জননায়ককে হারাইল। তিনি গত ১৯৩৭ সালের ১লা এপ্রিল হইতে ১৯৪৩ সালের ২৮শে মার্চ্চ পর্য্যন্ত বঙ্গদেশের প্রধান মন্ত্রীরূপে কাজ করেন। মৃত্যু সংবাদ পাইয়া হক সাহেবের বন্ধু, সহকর্ম্মী ও গুণগ্রাহীরা তাঁহার প্রতি শেষ শ্রদ্ধা জ্ঞাপনের জন্য তাঁহার গৃহে সমবেত হন। তাঁহার বয়স ৮৯ বৎসর হইয়াছিল।

---

## শালতোড়া ও রাণীনগর

### উপনির্ব্বাচনের ফল

বাঁকুড়া জেলার শালতোড়া কেন্দ্রের উপনির্ব্বাচনে কংগ্রেস প্রার্থী ডাঃ অনাথবন্ধু রায় এবং মুর্শিদাবাদ জেলার রাণীনগর কেন্দ্রের উপনির্ব্বাচনে বামপন্থী সমর্থিত নির্দলীয় প্রার্থী শ্রীনবাবজানি মির্জ্জা পশ্চিম বঙ্গ বিধান সভার সভ্য নির্ব্বাচিত হইয়াছেন।

---

## রেলের ভাড়া বৃদ্ধি

রেলওয়ে মন্ত্রী লোকসভায় ১৯৬২-৬৩ সালের জন্য যে নূতন রেলওয়ে বাজেট পেশ করেন তাহাতে ১লা জুলাই হইতে সকল শ্রেণীর যাত্রী ভাড়া ও সকল রকম মালের মাশুল কিছু পরিমাণে বৃদ্ধি করার প্রস্তাব করা হইয়াছে।

---

## অগ্নিকাণ্ড

বিগত ৬ই বৈশাখ দ্বিপ্রহরে মিঠিপুর ইউনিয়নে মোমিনটোলা গ্রামে আগুন লাগার ফলে সাতাশখানি ঘর পুড়িয়া গিয়াছে এবং ৫০টী গৃহপালিত পশু অগ্নিদগ্ধ হইয়া মরিয়াছে।

বিগত ৮ই বৈশাখ শনিবার সন্ধ্যার সময় মিঠিপুর ইউনিয়নে কারখানা গ্রামের গোয়ালপাড়ায় আগুন লাগার ফলে ১৭টী গৃহস্থ সর্ব্বস্বান্ত হইয়াছে।

## পাচারকারী ধৃত

গত ২৪শে এপ্রিল মঙ্গলবার রঘুনাথগঞ্জ থানার ভারপ্রাপ্ত সব-ইন্সপেক্টর শ্রীঅমূল্য চক্রবর্ত্তী মহাশয় দয়ারামপুর ইউনিয়নের বাজিতপুর চর হইতে ৩৩ জন মুসলমান মালপাচারকারীকে মালসহ ধরিয়াছেন। ধৃত ব্যক্তিগণের ২৫ জন ভারতীয় নাগরিক ও ৮ জন পাকিস্তানী।

## কর্ম্মকর্ত্তা নির্ব্বাচন

গত ২৮শে এপ্রিল শনিবার কাঞ্চনতলা বহুমুখী বিদ্যালয়ের নব-নির্ব্বাচিত কার্য্যনির্ব্বাহক সমিতির সভ্যগণের এক সভায় সর্ব্বসম্মতিক্রমে সমসেরগঞ্জের ব্লক ডেভেলপমেণ্ট অফিসার—প্রেসিডেণ্ট, শ্রীসমরেন্দ্রনাথ রায়—ভাইস-প্রেসিডেণ্ট ও শ্রীবিভূতিভূষণ দাশ—সেক্রেটারী নির্ব্বাচিত হইয়াছেন।

## বন্দুক নিলামের বিজ্ঞপ্তি

জেলা শাসক পক্ষে ভারপ্রাপ্ত ম্যাজিষ্ট্রেট, আগ্নেয় অস্ত্র বিভাগ, বহরমপুর, মুর্শিদাবাদ, জানাইতেছেন যে আগামী ১৯৬২ সালের ২৫শে মে তারিখে বেলা ১১ ঘটিকার সময় বহরমপুর কোর্ট মালখানার বাজেয়াপ্ত বন্দুক প্রভৃতি প্রকাশ্য নিলামে বহরমপুর সদর মহকুমা ম্যাজিষ্ট্রেটের কোর্টে বিক্রয় করা হইবে।

## যব যেইসা তব তেইসা



আংরেজকা কানুনমে
কংরেসী কো পাকড়া।
আব কাংরেসীকা হুকুমমে
তোমকো লে চলেঁ।

তোম্ যব গদ্দিপর বৈঠেগা
যো বোলোগে সো করেঙ্গে।
মেঁই তো ঢোলোক হ্যায়
যো বোল বাজাওগে বাজেগা।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৪ই মে ১৯৬২

১৯৬১ সালের ডিক্রীজারী

৬৭ স্বত্ব ডিঃ অন্নপূর্ণা সরকার দেং সরলাবালা বর্ম্মণ্যা দাবি ২১০ টাকা ৪৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেলালপুর ১০-৭ শতক জমি আঃ ৩৫০৲ খং ২৭

১০৩ মনি ডিঃ আকিমুদ্দিন বিশ্বাস দিং দেং সাত্তার সেখ দিং দাবি ১০৪ টাকা ১৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বড়শিমুল ৩৪ শতক খাজনা ৬৷১০ তন্মধ্যে ১৫ শতক জমা ৩।০ আঃ ৯০৲ খং ১৮০ হাল ৫৮০ রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ৩৪ শতক খাজনা ১৷৶৬ আঃ ২৫৲ খং ২৯০ ঐ স্বত্ব

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২১শে মে ১৯৬২

১৯৬১ সালের ডিক্রীজারী

১৯ স্বত্ব ডিঃ সুধীরকুমার মণ্ডল দেং মুক্তিচাঁদ মণ্ডল দাবি ২৫০ টাকা ৯৪ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে ময়সাবাদ ৯ শতক জমি আঃ ৩০০৲ খং ১৭৪

২৫ মনি ডিঃ জানমহম্মদ সেখ দিং দেং কল্পনালতা মজুমদার দাবি ১৫ টাকা ৯৯ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে রাধানগর ৫১ শতকের কাত ২৮৶০ আদালত মূল্য ১০০৲ খং ২০৭ রায়ত স্থিতিবান স্বত্ব




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

## আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন, কবিরাজ**
আয়ুর্ব্বেদীয় ফ[illegible] রঘুনাথগঞ্জ (সদরঘাট)



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়:—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১.১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট:—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## আর. পি. ওয়াচ কোং

জঙ্গিপুর পৌরসভার দক্ষিণে
পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

বিঃ দ্রঃ—আমরা যে কোন কোম্পানীর নূতন ঘড়ি দুই স[illegible]
[illegible] রঘুনাথ[illegible]